আল্লাহ মক্কা থেকে হস্ত বাহিনীকে বিরত রেখেছেন। তার ওপর তার রাসূল ও মু’মিনদের বিজয়ী করেছেন। আর এ শহর আমার পূর্বে কারো জন্য বৈধ ছিল না এবং আমার পরে কারো জন্য বৈধ নয়। আর আমার জন্যও দিনের কিছু সময়ের জন্য বৈধ করা হয়েছে। আর তা হলো এ সময়টুকু।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহ তা‘আলা তার রাসূলের হাতে মক্কা বিজয় সম্পাদন করার পর খুযা‘আহ গোত্র জাহিলিয়্যাতের যুগে নিহত তাদের এক লোকের বদলায় বনী লাইসের এক লোককে হত্যা করল। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে বললেন, আল্লাহ মক্কা থেকে হস্ত বাহিনীকে বিরত রেখেছেন। তার ওপর তার রাসূল ও মু’মিনদের বিজয়ী করেছেন। আর এ শহর আমার পূর্বে কারো জন্য বৈধ ছিল না এবং আমার পরে কারো জন্য বৈধ নয়। আর আমার জন্যও দিনের কিছু সময়ের জন্য বৈধ করা হয়েছে। আর তা হলো এ সময়টুকু। এটি সম্মানিত শহর। তার গাছ কাঁটা যাবে না, কাঁটা উপড়িয়ে ফেলা যাবে না এবং ঘোষণা করার উদ্দেশ্য ব্যতীত কেউ এ স্থানে পড়ে থাকা কোন বস্তুকে উঠিয়ে নিতে পারবে না এবং কর্তন করা যাবে না এখানকার কাঁচা ঘাস ও তরুলতাগুলোকে। আর যার কোন ব্যক্তিকে হত্যা করা হয়, তার জন্য রয়েছে দুটি স্বাধীনতা। হয় তাকে হত্যা করা হবে অথবা তার দিয়্যত পরিশোধ করা হবে। এ কথা শোনে ইয়ামনী একলোক দাঁড়ালো যাকে আবূ শাহ বলা হয়। সে বলল, হে আল্লাহর রাসূল! আমার জন্য লিখে দিন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আবূ শাহের জন্য লিখে দাও। তারপর
‘আব্বাস দাঁড়িয়ে বললেন, হে আল্লাহর রাসূল! ইযখির ব্যতীত। কেননা, ইযখির আমাদের ঘরে ও কবরসমূহে আমরা ব্যবহার করি। তখন নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হাঁ, ইযখির ব্যতীত।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ হুরায়রাহ রাদিয়াল্লাহু সংবাদ দেন—মক্কা বিজয়ের পর খুযা‘আহ গোত্রের এক লোক জাহিলিয়্যাতের যুগে তাদের নিহত হওয়া এক লোকের বদলায় হুযাইলের একজন লোককে হত্যা করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে হাদীসে বর্ণিত ভাষণটি প্রদান করেন। তিনি মক্কা সম্মানিত হওয়ার কথা বর্ণনা করেন। হস্ত বাহিনীকে মক্কা থেকে বিরত রাখা এবং তার জন্য দিনের কিছু সময় বৈধ করার কথা বলেন। এখানে কিছু সময় দ্বারা নির্ধারিত কোন সময় নয়, বরং উদ্দেশ্য হলো বিজয়ের দিন দিনের বেলা। কারণ, সেদিন সকাল থেকে আসর পর্যন্ত রাসূলুল্লাহর জন্য বৈধ করা হয়। আর তিনি জানিয়ে দেন যে, তারপর তার সম্মানিত হওয়া পূর্বের মতো ফিরে আসে। হেরমের সীমানার মধে তার কাঁটা উপড়িয়ে ফেলা যাবে না, তার ঘাস ছিড়া যাবে না, তার গাছ কাঁটা যাবে না তবে ইযখার ঘাস ব্যতিত। আর ঘোষণা করার উদ্দেশ্য ব্যতীত কেউ এ স্থানে পড়ে থাকা কোন বস্তুকে উঠিয়ে নিতে পারবে না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6637